

ইনকিলাব সম্পাদকের সঙ্গে বিশ্বব্যাংক কর্মকর্তাদের বৈঠক মাদ্রাসা শিক্ষার বিষয়ে বিশ্ব ব্যাংকের মনোভাব ইতিবাচক

শেষ সর্বোদ্যোগ : মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের বিশ্বব্যাংক বৃত্তি প্রদান করছে। মাধ্যমিক
গায়ে শিক্ষা সহায়ক কার্যক্রমের অংশ হিসেবে বিশ্বব্যাংক ১১৮টি উপজেলার মাদ্রাসা ও স্কুলের
ছাত্রীদের এ বৃত্তি দিচ্ছে। মাদ্রাসা শিক্ষার আধুনিকায়নসহ সার্বিক বিষয়ে বিশ্বব্যাংকের মনোভাব
উবাচক। গতকাল দৈনিক ইনকিলাব সম্পাদক ও বাংলাদেশ জমিয়াতুল মোদারেরছীন-এর
নিয়র সহসভাপতি এ. এম. এম. বাহাউদ্দীনসহ এক বৈঠকে বিশ্বব্যাংক কর্মকর্তাগণ এ
ভিত্তিক ব্যাচ করেছেন। বিশ্বব্যাংকের ঢাকা অফিসে অনুষ্ঠিত এ বৈঠকে দক্ষিণ এশীয় অঞ্চলের
ড. হিউম্যান ডেভেলপমেন্ট বিশেষজ্ঞ কায়সার এম. খান, ১১-এর ৭১ ও-এর ৮১ দেখুন

বিশ্ব ব্যাংকের মনোভাব ইতিবাচক

প্রথম পৃষ্ঠার পর

বিশ্বব্যাংক ওয়াশিংটন সদর দফতরের দক্ষিণ
এশীয় অঞ্চলের হিউম্যান ডেভেলপমেন্ট-এর
সিনিয়র অর্থনীতিবিদ অমিত ধর এবং ঢাকা
অফিসের শিক্ষা ও হিউম্যান ডেভেলপমেন্ট-এর
সিনিয়র অপারেশন অফিসার ডঃ সুরত এস ধর
অংশ নেন।

দৈনিক ইনকিলাব সম্পাদক ও জমিয়াতুল
মোদারেরছীন-এর সিনিয়র সহ-সভাপতি এ. এম.
এম. বাহাউদ্দীন বাংলাদেশে মাদ্রাসা শিক্ষার
ইতিহাস ও বর্তমান পরিস্থিতি তুলে ধরেন।
অনার বাহাউদ্দীন বলেন, ঐতিহ্যবাহী এ শিক্ষা
ব্যবস্থায় ছাত্র-ছাত্রী সংখ্যা ক্রমশ বাড়ছে। দেশে
ছাত্র-ছাত্রী মিলিয়ে মাদ্রাসা শিক্ষার্থীর সংখ্যা ৫৫
লক্ষাধিক, যার মধ্যে ছাত্রীর সংখ্যা ২৫
লক্ষাধিক। তিনি বলেন, মাদ্রাসাগুলোতে
বর্তমানে ধর্মীয় শিক্ষার পাশাপাশি সাহিত্য,
বিজ্ঞান, গণিতসহ সাধারণ শিক্ষার সকল
পঠ্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। কিন্তু পদ্ধতিগত
জটিলতার কারণে মাদ্রাসার শিক্ষার্থীগণ কোন
প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশ নিতে পারছে
না। উচ্চ শিক্ষার মূল ধারা হতেও তারা বঞ্চিত।
ফলে মাদ্রাসার শিক্ষার্থীরা হতাশ। মূল ধারায়
এসব শিক্ষার্থীদের সম্পৃক্ত করার তরুণ উদ্দেশ্য
করে অনার বাহাউদ্দীন বলেন, এ জন্য পৃথক
প্রোফেশিওনেটিং বিশ্ববিদ্যালয় প্রয়োজন। অনার
এ. এম. এম. বাহাউদ্দীন বলেন, মাদ্রাসা শিক্ষায়
সরকারী পৃষ্ঠপোষকতা খুবই সাম্প্রতিক।
ঐতিহ্যবাহী এই শিক্ষা পদ্ধতি অতীতে যেমন
টিকে ছিল, ভবিষ্যতেও থাকবে। তিনি মাদ্রাসা
শিক্ষার উন্নয়নে অবদান রাখার জন্য বিশ্বব্যাংকের
বৃত্তি আহ্বান জানান। তিনি বিশ্বব্যাংক
কর্মকর্তাদের মাদ্রাসা পরিদর্শনেরও আমন্ত্রণ
জানান। মাদ্রাসা শিক্ষার্থীদের মূল ধারায় সম্পৃক্ত
করার বিষয়ে বিশ্বব্যাংক কর্মকর্তাগণ
স্বীকৃতিপত্রের একমত পোষণ করেন।